দৈনিক খবর

তারিখ 23 APR 1988
পৃষ্ঠা 1 কলাম 3

# কারিগরি শিক্ষার মাধ্যমেই অর্থনৈতিক মুক্তি সম্ভব
## —শিক্ষামন্ত্রী

॥ স্টাফ রিপোর্টার ॥

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ বলেছেন, সঠিক কারিগরি শিক্ষার মাধ্যমেই দেশের অর্থনৈতিক মুক্তি অর্জন সম্ভব। পলিটেকনিক শিক্ষক সমিতির জাতীয় সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে তিনি প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

*শেষ পৃষ্ঠায় ২য় কলামে*

## কারিগরি শিক্ষার

*প্রথম পৃষ্ঠার পর*

ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউট মিলনায়তনে অনুষ্ঠিত কারিগরি শিক্ষাকে জাতীয় উন্নয়নের মূল হাতিয়ার হিসেবে আখ্যায়িত করে যে কোন মূল্যে পলিটেকনিক শিক্ষা ক্ষেত্রে বিরাজিত সমস্যার সমাধানের আশ্বাস দেন।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষা ক্ষেত্রে বিরাজিত সমস্যার সমাধানে জাতীয় ঐক্যমত প্রয়োজন। স্বাধীনতা যুদ্ধের লক্ষ্য উল্লেখ করে তিনি বলেন, খাদ্য, সুশিক্ষা ও সুচিকিৎসাসহ জাতীয় জীবনের সর্বক্ষেত্রে স্বনির্ভরতা অর্জনের মাধ্যমে আত্মমর্যাদাশীল জাতি হিসেবে দাঁড়ানোর উদ্দেশ্যেই দেশের ৩০ লাখ মানুষ জীবন দিয়েছিল। কিন্তু আমরা জাতীয় এই স্বপ্ন বাস্তবায়নে ব্যর্থ হয়েছি।

শিক্ষা সচিব হেদায়েত আহমেদ অনুষ্ঠানে বিশেষ অতিথির ভাষণে কারিগরি শিক্ষা ব্যবস্থায় বিরাজিত সমস্যার সমাধানে বাস্তবমুখী পদক্ষেপ গ্রহণের আশ্বাস দেন।

ইন্সটিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ-এর সভাপতি শফিউদ্দিন সরকার দেশের অন্যান্য পরিকল্পনার মতো শিক্ষা পরিকল্পনাকেও ভুল বলে আখ্যায়িত করেন। তিনি শিক্ষকদের সব দাবী মেনে নেয়ার আহবান জানান।

অনুষ্ঠান শুরুতে স্বাগত ভাষণ দেন বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক হরিপদ দাশ এবং মূল বক্তব্য উপস্থাপন করেন সভাপতি মোঃ নজমুল হক।